

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
প্রকল্প শাখা

নং- ১৯.০০.০০০০.১১৬.১৪.১৪৩.০৩(অংশ-১২)-১৩০

১৯ মে ২০১৯

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ 'পাকিস্তানের ইসলামাবাদে বাংলাদেশ চ্যাপারি কমপ্লেক্স নির্মাণ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শনের জন্য জনাব সালাহউদ্দিন নোমান চৌধুরী, মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে আগামী ২৬-২৭ মে ২০১৯ তারিখ (যাতায়াতকাল ব্যতিরেকে) অথবা নিকটবর্তী সময়ে ইসলামাবাদ সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন

পররাষ্ট্র মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন 'পাকিস্তানের ইসলামাবাদে বাংলাদেশ চ্যাপারি কমপ্লেক্স নির্মাণ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শনের জন্য জনাব সালাহউদ্দিন নোমান চৌধুরী, মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে আগামী ২৬-২৭ মে ২০১৯ তারিখ (যাতায়াতকাল ব্যতিরেকে) অথবা নিকটবর্তী সময়ে ইসলামাবাদ সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লেখ্য, জনাব সালাহউদ্দিন নোমান চৌধুরী, মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয় আগামী ২০-২৩ মে ২০১৯ সময়ে 'যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ হাউস নির্মাণ' শীর্ষক প্রকল্পের নির্মাণ প্রতিষ্ঠান নিয়োগের জন্য দরপত্র মূল্যায়নের কাজে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে অবস্থান করবেন। তিনি সেখান থেকে আগামী ২৪ মে ২০১৯ তারিখ অথবা নিকটবর্তী সময়ে ইসলামাবাদ-এর উদ্দেশে রওনা হবেন এবং দাপ্তরিক দায়িত্ব সম্পন্ন করে আগামী ২৮ মে ২০১৯ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশে ইসলামাবাদ ত্যাগ করবেন।

০৩। বর্ণিত কর্মকর্তার ভ্রমণ সংক্রান্ত সমুদয় ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড নং ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে বিকলনযোগ্য।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরিপত্র জারি করা হ'ল।


মোঃ নাভিদ রেজওয়ানুল কবীর
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭০৯২
nrkplanning@gmail.com

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। জনাব সালাহউদ্দিন নোমান চৌধুরী, মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক (কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। পরিচালক (প্রকল্প), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। পরিচালক (সাধারণ সেবা/অর্থ/সংস্থাপন/এফএমও/এসএমও/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। রাষ্ট্রাচার উপপ্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। প্রধান নিরাপত্তা কর্মকর্তা/হিমিশ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৮। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। বাংলাদেশ হাইকমিশন, ইসলামাবাদ, পাকিস্তান।